দামুড়হুদায় ওরা বন্ধু সংঘ’র শীতবস্ত্র উপহার বিতরণ

দামুড়হুদায় “ওরা বন্ধু সংঘ”র উদ্যোগে ছাতিয়ানতলা ও কানাইডাঙ্গা গ্রামে শীতবস্ত্র উপহার বিতরণ করা হয়েছে।

গতকাল শুক্রবার বিকাল ৪টার দিকে “হাসবো মোরা প্রাণ খুলে, বাঁচবো সবাই মিলেমিশে” এই স্লোগান ধারণ করে উপজেলার নাটুদহ, কার্পাসডাঙ্গা ইউনিয়নের হাতিয়াতলা ও কানাইডাঙ্গা গ্রামে বিধবা, অসহায় ও নিম্নবিত্ত পরিবারের মাঝে শীতবস্ত্র উপহার (কম্বল) বিতরণ করা হয়।

ওরা বন্ধুর সংঘ’র প্রতিষ্ঠাতা ও সভাপতি দামুড়হুদা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মোঃ মুরশেদ বীন ফয়সাল (তানজির)-এর সভাপতিত্বে শীত নিবারণের জন্য শীতবস্ত্র (কম্বল) উপহার বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বিশিষ্ট সমাজসেবক, দেশ ব্রিকস এর স্বত্বাধিকারী মো: আব্দুল কাদির।

শীতবস্ত্র বিতরণ অনুষ্ঠানের পূর্বে সংক্ষিপ্ত বক্তব্যে তিনি বলেন, সকলের চেষ্টা ও সহযোগিতায় আমাদের সমাজের পিছিয়ে পড়া মানুষগুলোর শীত নিরাময়ের জন্য নিজ নিজ দায়িত্ব আর কর্তব্য থেকে এগিয়ে আসার মাধ্যমেই রচিত হবে মানবিক সেতুবন্ধন। তিনি বলেন, মহান আল্লাহর ইচ্ছাতে প্রকৃতির অঘোর নিয়মে ঋতুর পালাবদল ঘটে।সত্য প্রবাহ ও কনকনে হিমেল হাওয়া দরিদ্র নিম্নবিত্ত পরিবারের সকলের জন্য বিরূপ প্রভাব ফেলে এসময় প্রকৃতি মানুষের অসহায়ত্বকে আরও প্রকট করে তোলে।সর্বোপরি এ ধরনের কার্যক্রমে সকল শ্রেণী পেশার বৃত্তশালী মানুষদের পাশে থাকার উদাত্ত আহ্বান জানান।

“ওরা বন্ধু সংঘে’র সমাজ কল্যাণ বিষয়ক সম্পাদক মিরাজুল ইসলাম মিরাদের সঞ্চালনা বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, ইঞ্জিনিয়ার আক্তারুল ইসলাম, ইঞ্জিনিয়ার শাহাজান আলী। অন্যদের মাঝে উপস্থিত ছিলেন, সাব্বির হোসেন, তিতুয়ার রহমান সহ উপকার ভোগীরা।

শীতবস্ত্র হাতে পেয়ে অনুভূতি প্রকাশ করেন, ৬৫ ঊর্ধ বিধবা উজানী, কমলা, খিলা খাতুন জানান, এর আগে আমরা কখনো কোনো প্রতিষ্ঠান বা সরকারিভাবে কম্বল পায়নি। এই প্রতিষ্ঠানের পক্ষ থেকে প্রথম

শীতবস্ত পেলাম। যে সে পড়ছে এই শীতে বাঁচবো কি মরবো জানিনা। এই কম্বলটা পেয়ে অন্তত কিছুদিন শান্তিতে ঘুমাতে পারবো। আমরা দোয়া করি এই প্রতিষ্ঠানে যারা আছে তারা আরো বেশি বেশি মানুষের পাশে থাকুক। তাদের জন্য আমরা দোয়া করি আল্লাহ তাদেরকে আরও বেশি বেশি অসহায় দুস্থ বিধবা মানুষের পাশে দাঁড়িয়ে সহযোগিতা করতে পারে।

সংগঠনের প্রতিষ্ঠাতা ও সভাপতি মুরশেদ বীন ফয়সাল (তানজির) বলেন, আমাদের সমাজের সংগতি সম্পন্ন ও সচ্ছল মানুষের ঘরে শীতকাল আনন্দ ও খুশির বার্তাবহ হলেও দেশের বৃহত্তর জনজীবনে ঈদ বেদনার ধূসর বার্তা বাহক মাত্র।

শীতকালীন সময়ে শীতবস্ত্রের অনেক প্রয়োজন থাকলেও আমাদের সংগঠন ওরা বন্ধু সংঘ গুটি কয়েক মানুষের সহযোগিতায় আপনাদের মধ্যে শীতবস্ত্র পৌঁছে দিতে পারছি, এটি সত্যি আনন্দের। দামুড়হুদায় ওরা বন্ধু সংঘের উদ্যোগে শীতবস্ত্র উপহার বিতরণ কর্মসূচি’র শুভ উদ্বোধন করা হয়েছে। আমরা বিশ্বাস করি, এরই মাধ্যমে প্রকাশ পায় আপনাদের প্রতি আমাদের মমত্ব ও ভালবাসা।

আমাদের সংগঠনের জন্য দোয়া করবেন, যারা আমাদের এ কার্যক্রম চালিয়ে যাওয়ার অনুপ্রেরণা দিয়েছেন সহযোগিতা করেছেন তাদের সকলের জন্য দোয়া করবেন। সর্বোপরি আপনাদের সকলের সুস্বাস্থ্য মঙ্গল কামনা করছি।

আলমডাঙ্গা ডাউকি মাদ্রাসা ও এতিমখানায় শিক্ষা সামগ্রী বিতরণ

আলমডাঙ্গার ডাউকি মাদ্রাসা-এতিমখানার শিক্ষার্থীদের মাঝে শিক্ষা সামগ্রী বিতরণ করা হয়েছে।

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন শিক্ষার্থীদের উদ্যোগে আলমডাঙ্গা উপজেলার ডাউকি মাদ্রাসার

উদ্যোগে এতিমখানার সুবিধাবঞ্চিত শিক্ষার্থীদের মাঝে শিক্ষা সামগ্রী বিতরণ উপলক্ষে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বৃহস্পতিবার দুপুরে ডাউকি মাদ্রাসা-এতিমখানা প্রাঙ্গণে এই অনুষ্ঠানে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন শিক্ষার্থীদের আঞ্চলিক সমন্বয়কারী ও ডাউকি মাদ্রাসা- এতিমখানার সভাপতি মুন্সী মোঃ আবু হাসানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, আলমডাঙ্গা উপজেলা সমাজসেবা অফিসার সাজ্জাদ হোসেন। এছাড়াও উপস্থিত ছিলেন, ডাঃ সানোয়ার হোসেন, হায়দার আলী, আক্কাস আলী, মুন্সি হাফিজুর রহমান, শুকুর আলী, মুকুল মুন্সি প্রমুখ।

এসময় অতিথিরা বলেন, সুবিধাবঞ্চিত শিশুদের শিক্ষার সুযোগ নিশ্চিত করতে সবার আর্থিক সহযোগিতা করার এগিয়ে আসা অত্যন্ত জরুরি। বক্তারা এ ধরনের মানবিক ও শিক্ষামূলক কার্যক্রম ভবিষ্যতেও অব্যাহত রাখার আহ্বান জানান। শতাধিক সুবিধাবঞ্চিত শিশুর হাতে বই, খাতা, কলম, পেন্সিল ও স্কেল বক্সসহ বিভিন্ন শিক্ষা সামগ্রী তুলে দেওয়া হয়।

ঝিনাইদহে স্কুল শিক্ষার্থীদের মাঝে ব্যাগ ও বল বিতরণ

ঝিনাইদহে স্কুল পড়ুয়া শিক্ষার্থীদের মাঝে ব্যাগ ও ফুটবল বিতরণ করা হয়েছে। বৃহস্পতিবার দুপুরে সদর উপজেলার সাগান্না ইউনিয়ন পরিষদের পক্ষ থেকে এ সামগ্রী বিতরণ করা হয়।

সাগান্না ইউনিয়ন পরিষদের প্রশাসক ও সদর উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা মীর রাকিবুল ইসলাম বলেন, ইউনিয়নের ৮টি প্রাথমিক বিদ্যালয় ও ২টি মাদ্রাসা পড়ুয়া শিক্ষার্থীদের মাঝে ১০০ টি ব্যাগ ২০টি ফুটবল এবং ১০টি ভলিবল প্রদান করা হয়েছে।

এসময় উপস্থিত ছিলেন ইউনিয়নের প্রশাসনিক কর্মকর্তা জাকির হোসেন, উপ-সহকারী কৃষি কর্মকর্তা ফেরদৌস হায়দার জুয়েলসহ শিক্ষক ও ইউপি

সদস্যবৃন্দ। এসব সামগ্রী পেয়ে শিক্ষার্থীরা সন্তোষ প্রকাশ করেন।

দামুড়হুদায় ওরা বন্ধু সংঘের উদ্যোগে শীতবস্ত্র উপহার বিতরণ

দামুড়হুদায় ‘ওরা বন্ধু সংঘ’র উদ্যোগে উপজেলার বিভিন্ন গ্রামের বিধবা, এতিম, প্রতিবন্ধী, স্বামী পরিত্যাক্তা, বৃদ্ধা ও অসহায় দিনমজুর পরিবারের মাঝে শীতবস্ত্র উপহার বিতরণ কর্মসূচির শুভ উদ্বোধন করা হয়েছে। সংশ্লিষ্ট সকলে জানিয়েছেন, সংগঠনটির প্রধান এবং মুখ্য উদ্দেশ্য ও লক্ষ্য জনকল্যাণে কাজ করে যাওয়া।

মৃদু শৈত্য প্রবাহে চুয়াডাঙ্গা জেলা তথা দামুড়হুদায় কনকনে ঠান্ডায় কাঁপছে জনজীবন। হিমেল বাতাসে জেঁকে বসেছে হার কাপানো শীত। তীব্র শীতের প্রভাবে সবচেয়ে বেশি বিপাকে পড়েছেন দিনমজুর বৃদ্ধা, খেটে খাওয়া ও নিম্নবিত্তের মানুষ। এই তীব্র শীতের কনকনে ঠান্ডায় দুর্ভোগ লাগাবে প্রতিবছরের ন্যায় এবছরও দামুড়হুদা উপজেলা সদরে প্রতিষ্ঠিত সম্পূর্ণ অরাজনৈতিক ও আলাভজনক স্বেচ্ছাসেবী সেবামূলক সংগঠন ‘ওরা বন্ধুসংঘ’র উদ্যোগে ৪ দিনব্যাপী শীতবস্ত্র উপহার বিতরণ কর্মসূচি পালন করা হবে। এই উপলক্ষে গতকাল রবিবার বিকাল ৩ টার সময় দামুড়হুদা ব্রিজরডস্থ লেখাপড়া কোচিং সেন্টারের একাডেমিক ভবনে সংগঠনটির ৪ দিনব্যাপী এ কর্মসূচি শুভ উদ্বোধন করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে ৬০জন বিধবা, দিনমজুর, অসহায় পরিবারের নারী-পুরুষের মাঝে শীতবস্ত্র উপহার বিতরণ করা হয়।

ওরা বন্ধু সংঘ’র প্রতিষ্ঠাতা সভাপতি, দামুড়হুদা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মো: মুরশেদ বীন ফয়সাল (তানজির) এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন, এলজিইডি’র দামুড়হুদা উপজেলা কার্যালয়ের অবসরপ্রাপ্ত উপজেলা প্রকৌশলী মোঃ আব্দুর রশিদ। অনুষ্ঠানে প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন, বিশিষ্ট সমাজ সেবক হাজী আব্দুল কাদির।

‘ওরা বন্ধু সংঘ’র সাধারণ সম্পাদক রাশেদুজ্জামান সজিবের সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, সংগঠনের উপদেষ্টা দামুড়হুদা সাংবাদিক সমিতির সভাপতি হাফিজুর রহমান কাজল, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের সচিব নাঈম হোসেন, উপসহকারী প্রকৌশলী আক্তারুল ইসলাম, আক্তার রসুল (পরামর্শক, এলজিইডি), সিনিয়র সাংবাদিক হাবিবুর রহমান হবি, বিশিষ্ট ঔষধ ব্যবসায়ী মাকসুদুর রহমান রতন, ঠিকাদার প্রতিষ্ঠান হ্যান্সি এন্টার প্রাইজের স্বত্বাধিকারী জাহিদ হাসান, ডিনার এন্টারপ্রাইজের স্বত্বাধিকারী খায়রুল কবির দিনার। ওরা বন্ধুর সংঘের সদস্য, তিতুয়ার রহমান, সজল প্রমুখ।

প্রধান অতিথির বক্তব্যে প্রকৌশলী আব্দুর রসিদ বলেন, শীত মৌসুমে অসহায় ও দুস্থ মানুষের পাশে দাঁড়ানো একটি মানবিক দায়িত্বও কর্তব্য। এ ধরনের সামাজিক কার্যক্রম সমাজে মানবিক মূল্যবোধ গড়ে তুলতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।ভবিষ্যতেও ওরা বন্ধু সংঘ এ ধরনের জনকল্যাণমূলক কর্মসূচি অব্যাহত রাখবে বলে আশাবাদ ব্যক্ত করেন তারা। এ সময় উপস্থিত সকলে প্রতিষ্ঠানের উত্তরোত্তর সাফল্য কামনা করেন।

অনুষ্ঠানে প্রধান বক্তার বক্তব্যে হাজী আব্দুল কাদির বলেন, ওরাবন্ধু সংঘ” দামুড়হুদায় ২০০৩ সালের ১২ই মার্চ যাত্রা শুরু করেন।প্রথম থেকে বিভিন্ন খেলাধুলার মধ্যে সীমাবদ্ধ থাকলেও, পরবর্তীতে সামাজিক দায়বদ্ধতা থেকে সংগঠনের সিদ্ধান্ত নেয়, খেলাধুলার সাথে সাথে সমাজের মানুষের নানা উন্নয়নে কাজ করতো। মূলত সে থেকেই সমাজের অসহায় বিধবা প্রতিবন্ধী, দিনমজুর ভ্যানচালক সহ নিম্নবিত্ত পরিবারের পাশে রয়েছে। সংগঠনের মানবিক বিভিন্ন কার্যক্রমের জন্য দামুড়হুদায় একটি বিশ্বস্ত ও পরিচিতি স্বেচ্ছাসেবী সংগঠন হিসেবে পরিচয় লাভ করেছে। কাজেই মানব সেবা কে কেন্দ্র করে ভবিষ্যতেও এই ধরনের কার্যক্রম আরো জোরদার করার প্রত্যয় ব্যক্ত করেন তিনি। শীতবস্ত্র পেয়ে অনুভূতি ব্যক্ত করে দিনমজুর আব্দুস সামাদ, মোতালেব, রজব আলী বলেন, এই সংগঠনের মাধ্যমে আমি সহ আমার মত অনেকেই বিভিন্ন ধরনের সহায়তা পেয়ে আসছেন। এই তীব্র শীতে একটি কম্বল পেয়ে আমার পরিবারের খুব উপকার হলো।

সাংগঠনের প্রতিষ্ঠাতা সভাপতি, দামুড়হুদা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মো: মোরশেদ বিন ফয়সাল (তানজির) বলেন, মহান আল্লাহর ইচ্ছাতে দীর্ঘ এক যুগেরও বেশি সময় ধরে সংগঠনের উদ্যোগে প্রতি বছরে শীত বস্ত্র বিতরণের সাথে সাথে আমাদের সমাজের এতিময় বিধবা

দিনমজুর প্রতিবন্ধী সহ বিভিন্ন শ্রেণীর মানুষের মধ্যে ঈদ পার্বনে ঈদ সামগ্রীর বিতরন কর্মসূচি পালন করা হয়। আমরা উদ্যোগ গ্রহণ করেছি, আর গুটি কয়েক মানবিক মানুষের সহযোগিতায় সেবামূলক কাজ করার অনুপ্রেরণা পেয়েছি ইনশাল্লাহ। সংগঠন সহ আমি ব্যক্তিগতভাবে এ ধরনের মানব কল্যাণে যে সকল ভাই বন্ধুরা আমাকে সহযোগিতা করেছেন উৎসাহ প্রেরণা যুগিয়ে সহযোগিতা করেছেন আমি প্রত্যেকের জন্য প্রাণ খুলে দোয়া ও সুস্থতা কামনা করছি।

অনুষ্ঠানটির সার্বিক সহযোগিতা করেন, ওরা বন্ধু সংঘ’র সমাজকল্যাণ বিষয়ক সম্পাদক দামুড়হুদা প্রেসক্লাবের সহ-সভাপতি মিরাজুল ইসলাম মিরাজ।

আলমডাঙ্গায় সর্বনিম্ন

তাপমাত্রায় জনজীবনে দুর্ভোগ-

ঐশিকার উদ্যোগে শীতবস্ত্র

বিতরণ

চুয়াডাঙ্গা সহ আলমডাঙ্গায় সর্বকালের সর্বনিম্ন তাপমাত্রা বিরাজ করছে। সাধারণ শ্রমজীবী মানুষের জন জীবনে দুর্ভোগ বেড়েই চলেছে। কনকনে শীতে আর হিমেল বাতাসে মানুষ ঘর থেকে বাহির হয়ে কর্মস্থলে পৌঁছাতে কষ্টের অন্ত নেই। এই অবস্থায় শীতার্ত অসহায় মানুষের মাঝে পাশে দাঁড়াতে সকল স্বেচ্ছাসেবী সংস্থা, বেসরকারি সংস্থা ও ধনীকশ্রেনী কে এগিয়ে আসার আহব্বান জানিয়েছেন সুশীল সমাজ।

আলামডাঙ্গায় ঐশিকা সংস্থার উদ্যোগে শীতার্ত মানুষের মাঝে শীতবস্ত্র কম্বল বিতরন করেছেন। আলামডাঙ্গা থানাপাড়া ঐশিকা সংস্থার উদ্যোগে ৩ শতাধিক শীতার্ত অসহায় ও দরিদ্র মানুষের মাঝে শীতবস্ত্র কম্বল বিতরণ করা হয়েছে।

গতকাল মঙ্গলবার দুপুর ১টার দিকে থানা পাড়া ঐশিকা সংস্থার কার্যালয় হতে আনুষ্ঠানিকভাবে শীতবস্ত্র কম্বল বিতরণ করেন প্রধান

অতিথি উপজেলা নির্বাহী অফিসার পান্না আক্তার। সমাজসেবা অফিসার সাজ্জাদ হোসেনের সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন বণিক সমিতির সভাপতি আরেফিন মিয়া মিলন, গার্মেন্টস মালিক সমিতির সভাপতি আব্দুস সামাদ, ঐশিকা সংস্থার নির্বাহী কর্মকর্তা আশরাফুল কবির, সংস্থার শাখা ব্যবস্থাপক আলাউদ্দিন, মোঃ মোবারক হোসেন, সার্জেন আলী।

সার্বিক দায়িত্বে ছিলেন, ঐশিকা সংস্থার সহ-সভাপতি আবু সাঈদ মিয়া। ঐশিকার সংস্থার স্বত্বাধিকারী আমেরিকা প্রবাসী আব্দুল মান্নান রতন জমিদারের পক্ষ থেকে জানানো হয়, প্রতি বছরের মত এবারো মানবিক দায়িত্ববোধ থেকেই এই উদ্যোগ নেওয়া হয়েছে এবং শীতকালজুড়ে তাদের সহায়তা কার্যক্রম চলমান থাকবে।

ঝিনাইদহে জেলা প্রশাসনের উদ্যোগে শীতার্তদের মাঝে কম্বল বিতরণ

শীতার্ত ও অসহায় মানুষের পাশে দাঁড়াতে ঝিনাইদহ জেলা প্রশাসনের উদ্যোগে নিম্ন আয়ের মানুষের মাঝে কম্বল বিতরণ করা হয়েছে।

শনিবার (২৭ ডিসেম্বর) সকালে ঝিনাইদহ সমাজসেবা অফিস প্রাঙ্গণ, পৌরসভার সামনে, পৌর গোরস্থান এলাকা ও রেড ক্রিসেন্টসহ জেলার বিভিন্ন গুরুত্বপূর্ণ স্পটে এ কম্বল বিতরণ কার্যক্রম পরিচালনা করা হয়। এ সময় প্রতিবন্ধী, বৃদ্ধা, স্বামী পরিত্যক্তা নারীসহ সমাজের বিভিন্ন শ্রেণির অসহায় ও দুস্থ মানুষকে শীতবস্ত্র হিসেবে কম্বল প্রদান করা হয়।

সেসময় জেলা প্রশাসক আব্দুল্লাহ আল মাসউদ, স্থানীয়র সরকারের উপ-পরিচালক রথীন্দ্রনাথ রায়, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) সাইফুর রহমান, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট সুবীর কুমার দাশ, ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি আসিফ ইকবাল মাখন, সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম লিটন, জেলা প্রেসক্লাবের সভাপতি মিজানুর রহমান, রিপোটার্স ইউনিটির সভাপতি এম এ কবিরসহ সমাজসেবা অধিদপ্তর,

পৌরসভা ও সংশ্লিষ্ট স্বেচ্ছাসেবী সংগঠনের প্রতিনিধিরা অংশ নেন। শীতের তীব্রতা বাড়ার সঙ্গে সঙ্গে যেন কোনো মানুষ কষ্ট না পায় এ লক্ষ্যেই এই উদ্যোগ নেওয়া হয়েছে বলে জানানো হয়।

উপকারভোগীরা জেলা প্রশাসনের এই মানবিক উদ্যোগের জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেন এবং ভবিষ্যতেও এ ধরনের সহায়তা অব্যাহত রাখার দাবি জানান।

দর্শনায় শিক্ষার্থীদের মাঝে শীতবস্ত্র বিতরণ

দর্শনায় ভালোবাসার বন্ধন সংগঠনের পক্ষ থেকে শিক্ষার্থীদের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়েছে। গতকাল মঙ্গলবার বেলা ১১ টায় মহান বিজয় দিবস উপলক্ষে এই শীতবস্ত্র প্রদান করা হয়।

ভালোবাসার বন্ধন সংগঠনের সভাপতি রাসেল আহমেদ শাওন বলেন, আমরা দর্শনা পূর্ব রামনগর সরকারি প্রাথমিক বিদ্যালয়, পরানপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, দক্ষিণ চাঁদপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের দরিদ্র শিক্ষার্থীদের মধ্যে শীত বস্ত্র বিতরণ করেছি। আমাদের ভালবাসার বন্ধন সংগঠন ভবিষ্যতে এরকম কাজ অব্যাহত রাখবে। আপনারা জানেন, ভালবাসার বন্ধন সংগঠন বিভিন্ন উন্নয়নমূলক কাজ করে দর্শনার জন্য। আপনারা সকলে আমাদের জন্য দোয়া করবেন এবং পাশে থেকে সহযোগিতা করবেন।

এ সময় আরও উপস্থিত ছিলেন, ভালোবাসার বন্ধনের পরিচালক আরিফ তরফদার, সিনিয়র সহ-সভাপতি মিয়া মোহাম্মদ নুর নবী সুমন, মোঃ হাসেম, সাধারণ সম্পাদক আয়নাল হক সহ সংগঠনের সদস্যবৃন্দ।

মুজিবনগরে ৩৬শে জুলাই স্মৃতি ফুটবল টুর্নামেন্টের পুরস্কার বিতরণ

মুজিবনগরে ৩৬শে জুলাই স্মৃতি ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা শেষে পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়েছে।

জুলাই যুব উন্নয়ন ক্লাবের আয়োজনে আজ শনিবার বিকেলে মুজিবনগর মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্স ফুটবল খেলার মাঠে টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত হয় এবং খেলা শেষে পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়।

গত ২৩শে অক্টোবর ১৬টি দল নিয়ে এই টুর্নামেন্টের উদ্বোধন অনুষ্ঠিত হয়।

প্রথম রাউন্ড, দ্বিতীয় রাউন্ড, সেমিফাইনাল এবং তৃতীয় স্থান নির্ধারণী খেলা শেষে শনিবার বিকেলে অনুষ্ঠিত হয় কাঙ্ক্ষিত ফাইনাল। ফাইনাল খেলায় মেহেরপুর সদর উপজেলার হরিরামপুর সীমান্ত ক্লাব একাদশ, মেহেরপুর গাংনী উপজেলার বাঁশবাড়িয়া নোমান টেলিকম একাদশকে টাইব্রেকারে পরাজিত করে ৩৬শে জুলাই স্মৃতি ফুটবল টুর্নামেন্ট সিজন-১ এর চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে।

খেলা শেষে বিজয়ী ও রানার্সআপ দলের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

পুরস্কার বিতরণ অনুষ্ঠানে জুলাই যুব উন্নয়ন ক্লাবের সভাপতি আরিফ খানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মনোনীত মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য প্রার্থী ইঞ্জিনিয়ার সোহেল রানা। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর-২ (গাংনী) আসনের জাতীয় নাগরিক পা৬র্টি (এনসিপি) মনোনীত সংসদ সদস্য প্রার্থী অ্যাডভোকেট শাকিল আহমেদ, মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি মুন্সি ওমর ফারুক এবং জুলাই যুব উন্নয়ন ক্লাবের সাধারণ সম্পাদক তরিকুল ইসলাম।

৩৬শে জুলাই স্মৃতি ফুটবল টুর্নামেন্টের চ্যাম্পিয়ন দলকে একটি আড়াই মণ ওজনের ষাঁড় গরু, রানার্সআপ দলকে দুই মণ ওজনের ষাঁড় গরু এবং তৃতীয় স্থান অর্জনকারী দলকে ২৫ কেজি ওজনের একটি খাসি

ছাগল উপহার দেওয়া হয়।

ফাইনাল খেলায় ম্যান অব দ্য ম্যাচ, ম্যান অব দ্য সিরিজ এবং শ্রেষ্ঠ গোলকিপারের পুরস্কার প্রদান করা হয়।

২৫শে জুলাই ফুটবল টুর্নামেন্টের শুরু থেকেই খেলাটি মুজিবনগর এলাকায় ব্যাপক জনপ্রিয়তা অর্জন করে। প্রতিটি খেলায় হাজার হাজার দর্শক মুজিবনগর মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্স ফুটবল খেলার মাঠে ভিড় করে খেলা উপভোগ করেন। শনিবারের ফাইনাল খেলায় মুজিবনগর উপজেলা ছাড়াও মেহেরপুর ও আশপাশের জেলা থেকে কয়েক হাজার দর্শক সমবেত হন।

দর্শকদের আগ্রহ ও উপস্থিতি দেখে জুলাই যুব উন্নয়ন ক্লাবের সভাপতি আরিফ খান ঘোষণা দেন যে, ২০২৬ সালের ৫ই আগস্ট ৩৬শে জুলাই স্মৃতি ফুটবল টুর্নামেন্ট সিজন-২ এর উদ্বোধন অনুষ্ঠিত হবে।

এবং প্রতিবছরই ৩৬শে জুলাই স্মৃতি ফুটবল টুর্নামেন্টের আসর মুজিবনগর মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্স ফুটবল ম্যাচ খেলার মাঠে অনুষ্ঠিত হবে।

মেহেরপুরের আমঝুপিতে যুব সমাজের মাঝে ভলিবল সামগ্রী বিতরণ

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়নের চাঁদবিল গ্রামের তেতুলতলা এলাকার যুব সমাজের মাঝে ভলিবল ও ভলিবল খেলার নেট উপহার প্রদান করেছে মেহেরপুর জাতীয় নাগরিক পার্টি। তরুণদের সুস্থ বিনোদন, দলগত চেতনা এবং ইতিবাচক চর্চা বাড়ানোর লক্ষ্যেই এ উদ্যোগ নেওয়া হয়।

সংগঠনের নেতৃবৃন্দ জানান, নিয়মিত খেলাধুলা শুধুই বিনোদন নয় এটি তরুণদের জীবনে শৃঙ্খলা, আত্মবিশ্বাস ও সঠিক পথের দিশা তৈরি করে। মাঠমুখী যুব সমাজ স্বাভাবিকভাবেই মাদক, অনলাইন জুয়া ও অন্যান্য

ক্ষতিকর প্রবণতা থেকে দূরে থাকে।

তারা আরও বলেন, এ ধরনের সামাজিক উদ্যোগ তরুণদের দক্ষতা উন্নয়নের পাশাপাশি একটি সুস্থ, নিরাপদ ও সমন্বিত সমাজ গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। যুবকরাই আগামী দিনের শক্তি তাদের পাশে দাঁড়ানোই আমাদের দায়িত্ব এবং কর্তব্য।

জীবননগরে কৃষকদের মাঝে বিনামূল্যে ধানবীজ ও সার বিতরণের উদ্বোধন

চুয়াডাঙ্গার জীবননগরে উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উদ্যোগে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বোরো হাইব্রিড, বোরো উফশী ধানবীজ ও রাসায়নিক সার সহায়তা প্রদানের উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে।

গতকাল সোমবার সকালে উপজেলা কৃষি কর্মকর্তার কার্যালয়ের সামনে এসব ধানবীজ ও বিভিন্ন প্রকার সার বিতরণ কর্মসূচির আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়।

২০২৫-২৬ অর্থবছরে রবি মৌসুমে বোরো হাইব্রিড ও বোরো উফশী ধান ফসলের আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে কৃষি প্রণোদনা কর্মসূচি বাস্তবায়ন করছে জীবননগর উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর।

কৃষকদের মাঝে বিনামূল্যে ধানবীজ ও রাসায়নিক সার সহায়তা প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) আল আমীন।

এ সময় উপস্থিত ছিলেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সৈয়দজাদী মাহাবুবা মঞ্জুর মওনা, কৃষি কর্মকর্তা আলমগীর হোসেন, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা জুয়েল শেখ, পল্লী উন্নয়ন কর্মকর্তা জামিল আকতার, সমাজসেবা কর্মকর্তা জাকির হোসেন মোল্লা, কৃষি সম্প্রসারণ কর্মকর্তা মো. পারভেল রানা, উপসহকারী কৃষি কর্মকর্তা

বীরেন্দ্র, শাহ আলম, দেলোয়ার হোসেন, শিমুল পারভেজসহ কৃষকবৃন্দ এবং প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকরা।

উপজেলা কৃষি অফিস সূত্রে জানা যায়, উপজেলার বিভিন্ন এলাকার ৬৪০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিঘা প্রতি ৫ কেজি বোরো উফশী ধানবীজ, ১০ কেজি ডিএপি সার ও ১০ কেজি এমওপি সার বিতরণ করা হয়। এছাড়া ২০০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিঘা প্রতি ২ কেজি করে বোরো হাইব্রিড ধানবীজ প্রদান করা হয়।

এসময় কৃষকদের বীজ ও রাসায়নিক সারের যথাযথ ব্যবহারের পরামর্শ দেওয়া হয় এবং বোরো ধান চাষাবাদ ও বালাই ব্যবস্থাপনা সম্পর্কে বিস্তারিত নির্দেশনা প্রদান করা হয়।